দৈনিক বাংলা

তারিখ ... ৪।৮।৭৮ ...
পৃষ্ঠা ... ১ ... ৩ ...

249
250



# মোহাম্মদ ওয়ালিউল্লার ইন্তেকাল

(স্টাফ রিপোর্টার)

প্রখ্যাত সাংবাদিক, সাহিত্যিক, রাজনীতিক জনাব মোহাম্মদ ওয়ালীউল্লাহ গতকাল বৃহস্পতিবার দুপুর ২টা ৫৫ মিনিটে পিজি হাসপাতালে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহে.... রাজেউন)। মরহুম পুরনো ব্রংকাইটিস (এমফাইসেমা) রোগে ভুগছিলেন। তাঁর বয়স হয়েছিল ৭৪ বছর।

বাদ এশা বায়তুল মোকাররমে তার নামাজে জানাজা অনুষ্ঠিত হয়। এরপর শাজাহানপুর গোরস্তানে তাকে দাফন করা হয়।

'সন্দ্বীপের ওয়ালী গান্ধী' 'লাল কোর্তা' নামে সুপরি-

(শেষের পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ইন্তেকাল

(১-এর পৃঃ পর)

চিত মোহাম্মদ ওয়ালীউল্লাহর কর্মময় জীবনের অবসান সংবাদ প্রচার হওয়ার সাথে সাথে সাহিত্যিক-সাংবাদিক মহলে শোকের ছায়া নামে। সাহিত্য ও সাংবাদিকতার জগতে দীর্ঘ চার দশক তিনি ছিলেন অক্লান্ত কর্মী। ১৩টিরও অধিক গ্রন্থ তিনি রচনা করেন। পাকিস্তান আমলে তিনি 'যুগ-বিচিত্রা' গ্রন্থের জন্যে দাউদ পুরস্কার পান। তার গ্রন্থাবলীর মধ্যে উল্লেখযোগ্য—'সংবাদ ও সাংবাদিক', 'ফাঁসির মঞ্চে', 'সেকাল ও একাল', 'আমাদের মুক্তিসংগ্রাম', 'যুগ বিবর্তন', 'সাংবাদিকের সঞ্চয়', 'বাংলাদেশের অভ্যুদয়'।

মরহুম ১৯০৪ সালের ১৭ই নভেম্বর সন্দ্বীপে জন্মগ্রহণ করেন। ১৯২১ সালে খিলাফত আন্দোলনে যোগ দেন ও কারাবরণ করেন। বঙ্গীয় কংগ্রেস ও, পরবর্তীকালে তিনি মুসলীগ লীগের (১৯৩৭-৪৭) সালে সক্রিয়ভাবে জড়িত হয়ে পড়েন। সন্দ্বীপে তিনি 'ওয়ালী গান্ধী' নামে পরিচিত ছিলেন।

১৯৪০ সালে ঐতিহাসিক লাহোর অধিবেশনের সাবজেক্ট কমিটির বৈঠকেও তিনি উপস্থিত ছিলেন। মরহুম আজীবন রাজনীতি সচেতন ছিলেন। ৭৩ সালে ব্যাপক ছিনতাই, রাহাজানি, লুঠ, হত্যাকান্ড ইত্যাদি অনাচারের প্রতিবাদে আমরণ অনশন শুরু করেছিলেন।

১৯৩৪ সালে তার সাংবাদিকতা জীবনের শুরু। দি রেঙ্গুন ডেলী নিউজ, স্টার অব ইন্ডিয়া, দৈনিক আজাদ, দৈনিক ইত্তেহাদ, দৈনিক সংবাদ, দৈনিক পূর্বদেশে তিনি গুরুত্বপূর্ণ পদে আসীন ছিলেন। 'লাল কোর্তা' ছদ্ম নামে সমকালীন ঘটনাবলী ও রাজনৈতিক বিষয়ে তার সমালোচনামূলক নিবন্ধ জনপ্রিয়তা অর্জন করেছিল। এ দেশের সাংবাদিকতা পেশার ক্রম বিবর্তনে তার ভূমিকা চিরস্মরণীয় হয়ে থাকবে।

অত্যধিক সিগারেট পানের জন্যে তিনি ক্রনিক ব্রংকাইটিসে আক্রান্ত হন। তাকে গত ১লা আগস্ট পিজি হাসপাতালের এক নম্বর ওয়ার্ডে ভর্তি করা হয়। গতকাল তার মৃত্যু হয়।

চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়নের সভাপতি জনাব সায়ফুল আলম এবং সাধারণ সম্পাদক জনাব ইমামুল ইসলাম প্রখ্যাত সাংবাদিক-সাহিত্যিক জনাব মোহাম্মদ ওয়ালীউল্লাহর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন।